

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 26-05-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Cabinet Decision :

রাজ্য সরকারের প্রতিটি অফিস এখন থেকে সপ্তাহের প্রত্যেক শনি ও রবিবার বন্ধ থাকবে। এই পরিপ্রেক্ষিতে সপ্তাহের বাকি দিনগুলিতে অফিস চলাকালীন সময় বৃদ্ধি করা হয়েছে। গতকাল মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মন্ত্রিসভার সিদ্ধান্ত বিস্তারিত উল্লেখ করে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, অফিস সকাল ১০টার পরিবর্তে ৯টা ৩০ মিনিটে শুরু হবে এবং বিকাল ৫টা ৩০ মিনিটের পরিবর্তে সন্ধ্যা ৬টায় শেষ হবে। তিনি জানান, সম্প্রতি গ্রুপ সি ও ডি কর্মীদের জন্য যে রোস্টার পদ্ধতি চালু করা হয়েছিল তা গতকাল থেকে প্রত্যাহার করা হয়েছে। পর্যটন মন্ত্রী আরো জানান, মন্ত্রিসভায় তিনটি দপ্তরে মোট ৮১টি শূন্যপদে নিয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তিনি আরো জানান, মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে রাজ্যেও ব্যয় সংকোচনে ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে।

Nazrul Jayanti :

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্ম বার্ষিকী, আজ যথাযথ মর্যাদার সঙ্গে পালিত হচ্ছে।

Sound Byte

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগরতলা নজরুল কলাক্ষেত্রে প্রভাতী কবি প্রনাম অনুষ্ঠানের মাধ্যমে বিদ্রোহী কবিকে গানে কবিতায় স্মরণ করা

হচ্ছে। সেখানে উপস্থিত রয়েছেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ সহ অন্যান্যরা। বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার তরফে আয়োজিত হচ্ছে নানা অনুষ্ঠান।

Sound Byte

ID-UL-Juha :

ইদুজোহা বা বকরি ঈদ উপলক্ষ্যে আগামী ২৮মে রাজ্য সরকার ছুটি ঘোষণা করেছে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে সামঞ্জস্য রেখে পূর্ব ঘোষিত ২৭মে এর পরিবর্তে ২৮মে এই ছুটি ঘোষণা করা হয়েছে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন দপ্তরের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

Central Fisheries Minister :

কেন্দ্রীয় মৎস্যমন্ত্রী রাজীব রঞ্জন সিং গতকাল মোহনপুর ব্লকের সাতডুবিয়া গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী খাদ্য সম্পদ যোজনার অন্তর্গত মিডিয়াম স্কেল অর্নামেন্টাল ফিস রিয়ারিং ইউনিটের ভার্চুয়ালভাবে শিলান্যাস করেন। এটি নির্মাণে ব্যয় হবে ৮ লক্ষ টাকা। শিলান্যাস উপলক্ষ্যে সাতডুবিয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

NTA :

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামী ২৮শে মে নির্ধারিত কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট আন্ডার গ্র্যাজুয়েট পরীক্ষা স্থগিত করেছে। এনটিএ জানিয়েছে, সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী ইদুজোহার ছুটির তারিখ পরিবর্তনের কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংস্থা আরও জানিয়েছে, পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে।

Sabse Door, Sabse Pehle- Dhalai :

ধলাইতে জন ভাগিদারী অভিযান সবসে দূর, সবসে পেহলে কর্মসূচির আওতায় জেলার বিভিন্ন ব্লক এলাকায় মোট ১১১টি শিবির অনুষ্ঠিত হয়। গতকাল ধলাই জেলাশাসকের কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানান অতিরিক্ত জেলা শাসক ভান লাল ডিকা ডার্লং। তিনি বলেন এই ক্যাম্প গুলির মধ্য দিয়ে ৩২ হাজার ৮৪ জন সুবিধাভোগী বিভিন্নভাবে উপকৃত হয়েছেন।

Sabse Door, Sabse Pehle- GOMATI :

কেন্দ্রীয় সরকারের বিশেষ জন-অংশগ্রহণমূলক ও প্রচারধর্মী কর্মসূচি "সবসে দূর, সবসে পেহলে" ভাবনায় পরিসেবামূলক শিবির গোমতী জেলার চারটি ব্লক এলাকায় সম্পন্ন হয়েছে। গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের গতকাল সাংবাদিক সম্মেলনে জানান, এখন পর্যন্ত গোমতী জেলায় অনুষ্ঠিত বিভিন্ন প্রশাসনিক শিবিরে আধার কার্ড, আয়ুষ্সন কার্ড নথীভুক্তিকরণ, পি.আর.টি.সি ম্যারেজ সার্টিফিকেট ইত্যাদি বিতরণ সহ স্বাস্থ্য পরীক্ষা সহ বিনামূল্যে ঔষধপত্র প্রদান করা হয়।

Sabse Door, Sabse Pehle-Sepahijala :

কেন্দ্রীয় সরকারের বিশেষ জন-অংশগ্রহণমূলক ও প্রচারধর্মী কর্মসূচি "সবসে দূর, সবসে পেহলে" ভাবনায় "জনজাতীয় গরিমা উৎসব" সিপাহীজলা জেলাতেও পালিত হয়েছে। জেলাশাসক ডঃ সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানান সপ্তাহব্যাপী এই কার্যক্রমে ৪৯টি প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়েছে।

PM-AJAY :

মোহনপুরের রাঙ্গাছড়া গ্রাম পঞ্চায়েতে প্রধানমন্ত্রী অনুসূচিত জাতি অভ্যুদয় যোজনা প্রকল্পে সুবিধাভোগীদের মধ্যে শূকর ছানা, ওষুধ এবং খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রাকেশ দেব জানান, এ ধরনের উদ্যোগ গ্রামীণ জীবিকার উন্নয়ন, আত্মনির্ভরশীলতা বৃদ্ধি এবং আর্থ-সামাজিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Weather :

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, ধলাই, উনকোটি, খোয়াই, উত্তর, দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৪ ডিগ্রি সেলসিয়াস। ভোর সাড়ে ৫টা পর্যন্ত মোট বৃষ্টিপাতের পরিমাণ ৭৭.২ মিলিমিটার।